নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি
রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা
মোবাঃ ০১৭৬৯-৪০০০৬০
মানব সম্পদ বিভাগ
ই-মেইলঃ netrokonapbs@gmail.com
Website:https://pbs.netrokona.gov.bd

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ২৭.১২.৭২০০.৫৪৫.০২.০০৮.১৯.৩৩৯৫

"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে জনবল নিয়োগ/প্যানেল তৈরীর লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪৭০০.০০ হতে ২৬৪৮০.০০ টাকাসহ পবিস নির্দেশিকা/ সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি	১।**অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কমপক্ষে ০৩(তিন)বছর/ ০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। ২।**বয়সসীমাঃ** প্রার্থীর বয়স সীমা সর্বোচ্চ ৫২ বছর (১৪/০৮/২০২৩ খ্রিঃ তারিখে)।নিয়োগপ্রাপ্ত হলে সর্বোচ্চ নবম চুক্তি বা ৫৫বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) নিয়মানুযায়ী চাকুরী করতে পারবেন। ০৩। **অন্যান্য যোগ্যতাঃ** (ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। (খ) প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। (গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় যেমন- যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।

শর্তাবলীঃ

০১।**আবেদন ফর্ম পূরণ ও জমাদানঃ** আগ্রহী প্রার্থীগণ নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট (pbs.netrokona.gov.bd) হতে আবেদন ফর্ম (ফর্ম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-১) A4 সাইজের কাগজে ডাউনলোডপূর্বক স্ব-হস্তে পূরণ করে আগামী ১৪/০৮/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেনারেল ম্যানেজার, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। নির্ধারিত ফর্ম ব্যতীত সাদা কাগজে ও টাইপকৃত কোন আবেদন এবং উল্লেখিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**
সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি ;
শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্র /জন্ম সনদ এর সত্যায়িত ফটোকপি ;
ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ;
) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত এবং এজিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত ''অভিজ্ঞতা সনদপত্র ও শেষ বেতনের প্রত্যয়নপত্র ''।

০৩। **চুক্তির মেয়াদকালঃ**
নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন প্রতি বছর ১ম পক্ষ কর্তৃক ২য় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ শেষে ১ম পক্ষের সম্মতিক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবসের ব্যবধানে একই পবিস এ পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য পুনরায় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত

হবে। তবে সর্বোচ্চ ০৩ চুক্তিতে (৩+৩+৩) = ০৯ বছর কর্মকাল বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

০৪। **বেতন ও ভাতাদিঃ**

বাপবিবোর্ডের সর্বশেষ নীতি নির্দেশিকা মোতাবেক বেতন ও অন্যান্য ভাতাদি প্রদান করা হবে এবং সন্তোষজনকভাবে চাকুরী সমাপনান্তে সার্ভিস বেনিফিট প্রদান করা হবে।

০৫। **অন্যান্য শর্তাবলীঃ**

প্রাপ্ত আবেদনপত্রসমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কায সম্পন্নপূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে চাকুরীকাল বিবেচনা করতঃ জ্যৈষ্ঠতা নির্ধারণপূর্বক প্যানেল প্রস্তুত করা হবে। জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৫৮. ০০১.১৮.৩৬২৫; তারিখ- ১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরন করা হবে।

নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নেত্রকোণা পবিস এর অনুকূলে ১০,০০০/- টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে, যা সন্তোষজনক চুক্তির মেয়াদ শেষে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেওয়া হবে।

অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখপূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ থাকতে হবে।

নেত্রকোণা জেলার স্থায়ী বাসিন্দা ও সুনামগঞ্জ জেলার ধর্মপাশা ও মধ্যনগর থানায় স্থায়ীভাবে বসবাসরত কোন মিটার রিডার/ ম্যাসেঞ্জার/মিটাররিডার কাম- ম্যাসেঞ্জার আবেদন করার প্রয়োজন নাই এবং ইতোপূর্বে নেত্রকোণা পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদেরও আবেদন করার প্রয়োজন নাই।

নেত্রকোণা পবিস এর এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং এই পবিস-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

কোন পবিস হতে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতিপ্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/ চাকুরীচ্যুত/ দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

দুই বা তার অধিক সহোদর বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করলেও একজনের বেশি নিয়োগপ্রাপ্ত হবেন না। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে উভয়ের চুক্তি বাতিল করা হবে।

চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদেই বলবৎ থাকবে যা কোনক্রমেই নিয়মিত হবে না।

চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি, অন্য কোন প্রতিষ্ঠানের চাকুরীতে সার্বক্ষণিক বা খন্ডকালীন নিয়োজিত হতে/থাকতে পারবেন না।

স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাৎক্ষণিকভাবে নিয়োগ বাতিলসহ চাকুরী থেকে বরখাস্ত করা হবে।

বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত নেত্রকোণা পবিসে নিয়োগের জন্য উপযুক্ত হিসেবে গণ্য হবেন না। তবে সর্বশেষ চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ০৩(তিন) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নেত্রকোণা পবিসে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।

ইতঃপূর্বে কর্মরত পবিসে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)-গণের পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ব্যতীত চুক্তি নবায়ন করা হবে না। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিলপূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বিজ্ঞপ্তিটি ই-মেইলেও প্রেরণ করা হল।

৩০-০৭-২০২৩
বিপ্লব কুমার সরকার
জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)
০৯৫১৬১৩৫৩
netrokonapbs@gmail.com

নম্বর:

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;

২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;

৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....১/২/৩/৪;

৪। ডিজিএম, কারিগরী (সদর)/মদন/মোহনগঞ্জ/দূর্গাপুর/কেন্দুয়া/পূর্বধলা/বারহাট্টা/কলমাকান্দা জোনাল অফিস, নেত্রকোণা পবিস;

৫। এজিএম (এম,এস/ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব) নেত্রকোণা পবিস;

৬। এজিএম (ওএন্ডএম),আটপাড়া/ধর্মপাশা/শ্যামগঞ্জ/খালিয়াজুরী সাব-জোনাল অফিস, নেত্রকোণা পবিস;

৭। এজিএম (আইটি), আইটি বিভাগ, নেত্রকোণা, পল্লী বিদ্যুৎ সমিতি (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।;

৮। নোটিশ বোর্ড, নেত্রকোণা পবিস এবং

৯। অফিস/মাস্টার কপি।

৩০-০৭-২০২৩
বিপ্লব কুমার সরকার
জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)